



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-পনি/উমা/বিজ্ঞপ্তি/৮৫৬

০৯ নভেম্বর ২০১৬ খ্রি:

সূত্র: (ক) শিক্ষা মন্ত্রণালয়ের ১৪ মে ২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২০-১৪-২৩৪ স্মারকপত্র
(খ) ১৭ এপ্রিল ২০১২ তারিখের শিম/শা:১১/বিবিধ-৬/২০১৪(অংশ-২)/২৭৬ স্মারকপত্র

প্রশ্ন ব্যাংকে প্রশ্ন আপলোড সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল কলেজের অধ্যক্ষ ও শিক্ষকবৃন্দকে জানানো যাচ্ছে যে, যশোর শিক্ষা বোর্ড কর্তৃক শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে অনলাইন প্রশ্ন ব্যাংক সফটওয়্যার তৈরি করা হয়েছে। উক্ত প্রশ্ন ব্যাংক সফটওয়্যারে মাধ্যমিক পর্যায়ে কর্মরত সকল শিক্ষক কর্তৃক বাধ্যতামূলকভাবে অনলাইনে প্রশ্ন আপলোডের কার্যক্রম চলছে। ইতিমধ্যে ২০১৭ সালের এসএসসি পরীক্ষার্থীদের প্রশ্ন ব্যাংক থেকে অনলাইনে প্রশ্নপত্র সরবরাহ করে প্রাক-নির্বাচনী (০৪টি বিষয়ে) ও নির্বাচনী (০৮টি বিষয়ে) পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণ করা হয়েছে।

উচ্চ মাধ্যমিকের ১ম বর্ষ সমাপনী, প্রাক-নির্বাচনী ও নির্বাচনী পরীক্ষাসমূহ প্রশ্ন ব্যাংক থেকে অনলাইনে প্রশ্নপত্র সরবরাহ করে গ্রহণ করা হবে। এ লক্ষ্যে কর্মরত সকল বিষয়ের শিক্ষকবৃন্দকে যশোর বোর্ডের ওয়েবসাইটের Latest Notice-এ প্রদত্ত ম্যানুয়ালের সহায়তায় সৃজনশীল প্রশ্নপদ্ধতির নির্দেশনা অনুসারে সকল অধ্যায়, চিন্তন দক্ষতার স্তর ও প্রকার থেকে বাধ্যতামূলকভাবে সৃজনশীল ও বহুনির্বাচনী প্রশ্ন আপলোডের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী

অধ্যক্ষ

এত বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ
মাধ্যমিক বিদ্যালয়।

(মাধব চন্দ্র রুদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। চেয়ারম্যান, এন সি টি বি মতিঝিল, ঢাকা
- ৪-৯। সচিব, কলেজ পরিদর্শক, বিদ্যালয় পরিদর্শক, উপ-পরিচালক(হিওনি), সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রধান মূল্যায়ন অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১০। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১১। নথি।